গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
শৃঙ্খলা-২ শাখা
www.mopa.gov.bd

তারিখ: ২৬ চৈত্র, ১৪২৯ / ০৯ এপ্রিল, ২০২৩

নং-০৫.০০.০০০০.১৮১.২৭.০০৪.২১. ৯২৮

**প্রজ্ঞাপন**

যেহেতু, জনাব সুমিত সাহা (পরিচিতি নং-১৮০০২), প্রাক্তন সহকারী কমিশনার (ভূমি), কাঠালিয়া, ঝালকাঠি (বর্তমানে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (সহকারী সচিব), জনপ্রশাসন মন্ত্রণালয়ে ন্যস্ত) হিসাবে কর্মকালে কাঠালিয়া উপজেলার "মেসার্স স্বপ্না ব্রিকস"-এ মোবাইল কোর্ট পরিচালনা করে ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা জরিমানা করলেও ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার রসিদ প্রদান করে অবশিষ্ট ২,০০,০০০/- টাকা আত্মসাতের অপচেষ্টার কারণে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) বিধি অনুযায়ী যথাক্রমে "অসদাচরণ" এবং "দুর্নীতিপরায়ণতা"-এর অভিযোগে গত ২৩.০৬.২০২১ তারিখের ০৫.০০.০০০০.১৮১.২৭.০০৪.২১.১৮৮ নং পত্রের মাধ্যমে বিভাগীয় মামলা রুজুপূর্বক কৈফিয়ত তলব করা হয় এবং একই সাথে তিনি ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা পোষণ করেন কিনা তা জানতে চাওয়া হয়; এবং

০২। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ৩০/০৬/২০২১ তারিখে কারণ দর্শানোর জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির প্রার্থনা করলে ০৫/০৯/২০২১ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়; এবং ব্যক্তিগত শুনানিঅন্তে অভিযোগের বিষয়ে বিস্তারিত তদন্তের প্রয়োজন রয়েছে মর্মে প্রতীয়মান হওয়ায় আনীত অভিযোগ তদন্তের জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭ (২) (ঘ) বিধি অনুযায়ী একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

০৩। যেহেতু, তদন্ত কর্মকর্তা ১৬.১০.২০২২ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করেন কিন্তু তদন্ত প্রতিবেদনে অর্থ লেনদেনের সময় উপস্থিত প্রত্যক্ষদর্শীদের সাক্ষ্য যথাযথভাবে আমলে না নেয়ায় অভিযোগটি পুনরায় তদন্ত করে এবং প্রত্যক্ষদর্শী সাক্ষীদের বক্তব্য সঠিকভাবে পর্যালোচনা করে জরুরি ভিত্তিতে পুন:তদন্ত প্রতিবেদন দাখিলের জন্য তদন্ত কর্মকর্তাকে আদেশ দেওয়া হয়; এবং

০৪। যেহেতু, তদন্ত কর্মকর্তা গত ১৬.০২.২০২৩ তারিখে পুন:তদন্ত প্রতিবেদন দাখিল করেন এবং দাখিলকৃত প্রতিবেদনে জনাব সুমিত সাহা (পরিচিতি নং-১৮০০২)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) বিধি অনুযায়ী আনীত "অসদাচরণ" ও "দুর্নীতিপরায়ণতা"-এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়;

০৫। সেহেতু, অভিযোগনামা ও অভিযোগ বিবরণী, ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত উভয় পক্ষের বক্তব্য, পুন:তদন্ত প্রতিবেদন এবং নথির অন্যান্য কাগজপত্র ও প্রাসঙ্গিক বিষয় পর্যালোচনায় জনাব সুমিত সাহা (পরিচিতি নং-১৮০০২), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (সহকারী সচিব), জনপ্রশাসন মন্ত্রণালয়ে ন্যস্ত এবং প্রাক্তন সহকারী কমিশনার (ভূমি), কাঠালিয়া, ঝালকাঠি -কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) এবং ৩(ঘ) বিধি অনুযায়ী "অসদাচরণ" ও "দুর্নীতিপরায়ণতা"-এর অভিযোগে দোষী সাব্যস্ত করা হলো। তবে নবীন কর্মকর্তা হিসাবে জনাব সুমিত সাহা (পরিচিতি নং-১৮০০২)-এর অপেক্ষাকৃত কম বয়স ও অভিজ্ঞতা বিবেচনায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪ (২) (ঘ) বিধি অনুযায়ী জনাব সুমিত সাহা (পরিচিতি নং-১৮০০২)-কে আগামী ০২ (দুই) বছরের জন্য 'বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ' অর্থাৎ ৯ম গ্রেডের ২২০০০-৫৩০৬০/- টাকা বেতন স্কেলের নিম্নতম ধাপ ২২০০০/- টাকা মূল বেতনে অবনমিতকরণ-সূচক 'লঘুদন্ড' প্রদান করা হলো; তবে দন্ডের মেয়াদ শেষ হওয়ার পর তিনি স্বয়ংক্রিয়ভাবে ২২০০০-৫৩০৬০/- টাকা বেতন স্কেলের (৯ম গ্রেড) বর্তমানে প্রাপ্ত বেতন ধাপে প্রত্যাবর্তন করবেন; তিনি বকেয়া কোনো আর্থিক সুবিধাদি প্রাপ্য হবেন না।

০৬। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

০৯/০৪/২০২৩

মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী
সিনিয়র সচিব

নং-০৫.০০.০০০০.১৮১.২৭.০০৪.২২. ৭২৮/১(৩২) তারিখ: ২৬ চৈত্র, ১৪২৯ / ০৯ এপ্রিল, ২০২৩

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা;
২. সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, ঢাকা ;
৩. সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ;
৪. অতিরিক্ত সচিব (শৃঙ্খলা ও তদন্ত/এ.পি.ডি./প্রশাসন, সিপিটি), অনুবিভাগ জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ;
৫. বিভাগীয় কমিশনার, বরিশাল;
৬. যুগ্মসচিব (শৃঙ্খলা-১/শৃঙ্খলা-২/মাঠ প্রশাসন/সিআর অধিশাখা/পি.এ.সি.সি), জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৭. যুগ্মসচিব (শৃঙ্খলা-৫ শাখা), জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৮. জেলা প্রশাসক, ঝালকাঠি;
৯. উপসচিব (শৃঙ্খলা-১/ ৩/ ৪/মাঠ প্রশাসন-২/প্রেষণ-১ শাখা), জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১০. উপপরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশ ও প্রকাশিত গেজেটের ২০ (বিশ) কপি জনপ্রশাসন মন্ত্রণালয়ের শৃঙ্খলা-২ শাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো);
১১. সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
১২. সিনিয়র সহকারী সচিব, (অভ্যন্তরীণ নিয়োগ/মাঠ প্রশাসন-১/প্রেষণ-২/সি আর-২ শাখা) জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ;
১৩. জনাব সুমিত সাহা (পরিচিতি নং-১৮০০২), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (সহকারী সচিব), জনপ্রশাসন মন্ত্রণালয়ে ন্যস্ত এবং প্রাক্তন সহকারী কমিশনার (ভূমি), কাঠালিয়া, ঝালকাঠি;
১৪. সিনিয়র সিস্টেম এনালিস্ট, পি.এ.সি.সি, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য এবং সংশ্লিষ্ট কর্মকর্তার পিডিএস-এ অন্তর্ভুক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো);
১৫. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, জনপ্রশাসন মন্ত্রণালয়, কক্ষ নং: ১৩০, হিসাব ভবন (নিচ তলা), সেগুনবাগিচা, ঢাকা (আদেশ বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো) ;
১৬. হিসাবরক্ষণ কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (আদেশ বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো);
১৭. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, ঝালকাঠি (আদেশ বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো);
১৮. উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, কাঠালিয়া, ঝালকাঠি (আদেশ বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো);
১৯. অফিস কপি/মাস্টার কপি।

০৯/০৪/২০২৩
আবুল হায়াত মোঃ রফিক
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ০২২২৩৩৫৫৪৩০৪
dis2@mopa.gov.bd